গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.lgd.gov.bd)

স্মারক নম্বর-৪৬.০০.০০০০.০৪৬.২৬.০১২.১৬-৫৮৯

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩১ / ০৮ অক্টোবর ২০২৪

**বিষয়: দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার ইউনিয়ন পরিষদের কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধের অনুমতি প্রদান।**

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বীরগঞ্জ, দিনাজপুর এর স্মারক নম্বর-৭৫৮; তারিখ: ২০ জুন ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার ১১ (এগার) টি ইউনিয়ন পরিষদের কর্মচারীদের (ইউপি সচিব ও হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর) স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% থেকে অর্থের সংকুলন না হওয়ায় ২০২৩-২০২৪ অর্থবছরের বেতন-ভাতাদি ও সিপিএফ এর টাকা পরিশোধ করা সম্ভব হয়নি বিধায় হাট-বাজার ইজারালব্ধ আয়ের ৪১% থেকে তাদের বকেয়া অর্থ পরিশোধের অনুমতি প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়।

০২। এমতাবস্থায়, দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলার ১১ (এগার) টি ইউনিয়ন পরিষদের কর্মচারীদের বেতন-ভাতাদি ও সিপিএফ বাবদ ২৬,৯৮,২১৯/- (ছাব্বিশ লক্ষ আটানব্বই হাজার দুইশত উনিশ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ থেকে পরিশোধের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

৮/১০/২৪

মো: আকবর হোসেন
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর;
ও
উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।

অনুলিপি-সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। জেলা প্রশাসক, দিনাজপুর;
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর;
০৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
০৫। যুগ্মসচিব (উপজেলা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।